



WEST BENGAL STATE UNIVERSITY

B.A. Honours Part-II Examination, 2022

বাংলা

চতুর্থ পত্র

সময়: ৪ ঘণ্টা

পূর্ণমান: ১০০

দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাটি প্রশ্নমানের নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। অ্যাবসার্ড নাটকের সংজ্ঞা দিয়ে এর সাধারণ বৈশিষ্ট্যগুলি আলোচনা করো। এই শ্রেণীর একটি বিশিষ্ট বাংলা নাটক-এর সার্থকতা বিচার করো। ৪+৬+১০
- অথবা
- যে-কোনো দুটি বিষয় সম্পর্কে আলোচনা করোঃ ১০+১০
- (ক) ট্র্যাজেডি নাটক (খ) কমেডি
(গ) একাক্ষ নাটক (ঘ) পৌরাণিক নাটক
- ২। কার উদ্যোগে, কবে, কোথায় বেঙ্গলী থিয়েটার স্থাপিত হয়েছিল? এই থিয়েটারে নাট্যাভিনয়ের ইতিহাস সংক্ষেপে বিবৃত করে বাংলা রঙ্গমঞ্চের ধারায় এর গুরুত্ব আলোচনা করো। ১+১+১+১০
+৭
- অথবা
- যে-কোনো দুটি বিষয়ে আলোচনা করোঃ ১০+১০
- (ক) ন্যাশনাল থিয়েটার - প্রতিষ্ঠা ও তাৎপর্য (খ) বাগবাজার অ্যামেচার থিয়েটার
(গ) নবীনচন্দ্র বসুর শ্যামবাজার থিয়েটার (ঘ) জোড়াসাঁকো নাট্যশালা।
- ৩। প্রহসন বলতে কী বোঝায়? মধুসূদনের 'একেই কি বলে সভ্যতা' প্রহসনরূপে কতখানি সার্থক — তা আলোচনা করো। ৩+৭
- অথবা
- একটি বিশেষ সময়ের করুণ চিত্র ধারণ করে আছে 'একেই কি বলে সভ্যতা'র নারী চরিত্রগুলি — মন্তব্যটির সার্থকতা বিচার করো। ১০
- ৪। 'বুড় সালিকের ঘাড়ে রৌ' প্রহসনের পুরুষ চরিত্রগুলির নাট্য-উপযোগিতা বিচার করো। ১০
- অথবা
- 'বুড় সালিকের ঘাড়ে রৌ' প্রহসনে হাস্যরস ও শ্লেষ ব্যবহারে নাট্যকারের দক্ষতার পরিচয় দাও। ১০

৫। ‘ধনঞ্জয় হচ্ছে যন্ত্রের হাতে মারখানেওয়ালার ভিতরকার মানুষ।’ — চরিত্রটি বিশ্লেষণ করে, এই বক্তব্য কতদূর সঙ্গত তা বিচার করো। ১৫

অথবা

‘‘যে মানুষ আঘাত করেছে আত্মার ট্র্যাজেডি তারই - মুক্তির সাধনা তাকেই করতে হবে’’ — মুক্তধারা নাটক অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো। ১৫

৬। ‘টিনের তলোয়ার’ নাটকের বক্তব্য বিষয়ের বিবরণ দিয়ে এর নামকরণ কোন্ প্রেক্ষিতে সত্য হয়ে উঠেছে তা বিশ্লেষণ করো। ১৫

অথবা

‘টিনের তলোয়ার’ নাটকের প্রিয়নাথ মল্লিক চরিত্রটির নাট্য উপযোগিতা বিচার করো। ১৫

৭। ‘‘যন্ত্রের জোরে দেবতার পদ নিজেই নেব এই কথা প্রমাণ করবার ভার আমার উপর’’ — বক্তা কে ? প্রসঙ্গ উল্লেখ করে মন্তব্যটির তাৎপর্য সংক্ষেপে বিশ্লেষণ করো। ১+৪

অথবা

‘‘যে-সব পথ এখনো কাটা হয়নি ঐ দুর্গম পাহাড়ের উপর দিয়ে সেই ভাবীকালের পথ দেখতে পাচ্ছি - দূরকে নিকট করবার পথ।’’ — কে, কাকে একথা বলেছেন ? ভাবীকালের পথ বলতে বক্তা কী বোঝাতে চেয়েছেন ? ১+১+৩

৮। ‘‘আমি কলকাতার তলায় থাকি।’’ — বক্তা কে ? তিনি কাকে একথা বলেছেন ? উক্তিটির তাৎপর্য কী ? ১+১+৩

অথবা

‘‘রোম পুড়িতেছে আর সম্রাট ব্যয়লা বাজাইতেছেন।’’ — কোন্ প্রসঙ্গে, কার এই মন্তব্য ? বিষয়টি সংক্ষেপে বুঝিয়ে দাও। ১+২+২

N.B. : Students have to complete submission of their Answer Scripts through E-mail / Whatsapp to their own respective colleges on the same day / date of examination within 1 hour after end of exam. University / College authorities will not be held responsible for wrong submission (at in proper address). Students are strongly advised not to submit multiple copies of the same answer script.

—×—